

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্তি অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা  
সংস্থাপন শাখা-৩  
www.pwd.gov.bd

বিজ্ঞপ্তি

বিষয়ঃ- গণপূর্তি অধিদপ্তরের তালিকাভুক্ত সকল শ্রেণির ঠিকাদারি প্রতিষ্ঠানের ২০১৮-২০১৯ সনের বার্ষিক নবায়ন ফি জমা প্রদান প্রসংগে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গণপূর্তি অধিদপ্তরের সকল শ্রেণি যথা-বিশেষ শ্রেণি, প্রথম শ্রেণি (সম্মিলিত), প্রথম শ্রেণি, বিতীয় শ্রেণি, তৃতীয় শ্রেণিসহ সকল ক্যাটাগরি (সিভিল, স্যানিটারী, বৈদ্যুতিক/যান্ত্রিক), ঠিকাদার/ঠিকাদারি প্রতিষ্ঠানকে ২০১৮-২০১৯ সনের বার্ষিক নবায়ন ফি জমা প্রদানের লক্ষ্যে বিজ্ঞপ্তি জারি করা হলো। তবে প্রকাশ থাকে যে, বিশেষ শ্রেণি, প্রথম শ্রেণি (সম্মিলিত), প্রথম শ্রেণি (বৈদ্যুতিক ও যান্ত্রিক), ২য় শ্রেণি (বৈদ্যুতিক ও যান্ত্রিক), তৃতীয় শ্রেণি (বৈদ্যুতিক ও যান্ত্রিক) ঠিকাদারি প্রতিষ্ঠানের বৈদ্যুতিক এবিসি, বিসি ও সি লাইসেন্সের হালনাগাদ নবায়ন করতঃ সংশ্লিষ্ট তালিকাভুক্তিতে বোর্ড সভা কর্তৃক যাচাই বাছাই করে নবায়ন ফি জমা দেয়ার আদেশ প্রদান করা হবে।

তালিকাভুক্ত শ্রেণি বিন্যাস অনুযায়ী পূর্বের প্রেরণকৃত নবায়ন আবেদন ফরমের প্রতিটি কলাম ঠিকাদার/ঠিকাদারি প্রতিষ্ঠান কর্তৃক যথাযথভাবে পূরণ করে আবেদন ফরমের সাথে গণপূর্তি অধিদপ্তরের তালিকাভুক্তির রেজিস্ট্রেশন বইয়ের ছায়াকপি, ট্রেড লাইসেন্স, ড্যাট, ২০১৭-২০১৮ সনের আয়করের পরিশোধিত সনদ, বৈদ্যুতিক এবিসি ও সুপারভাইজারী লাইসেন্সের ছায়াকপি এবং ২০১৭-২০১৮ সনের নবায়নের অনুমতির ছায়াকপি গণপূর্তি অধিদপ্তরের ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দণ্ডের আগামী ০১/০৭/২০১৮ তারিখ হতে ৩০/০৭/২০১৮ তারিখের মধ্যে জমা দিতে হবে। জমাকৃত নবায়ন আবেদনগুলো পর্যায়ক্রমে যাচাই বাছাই করে সুপারিশসহ সংশ্লিষ্ট অফিসের (যথা- প্রধান প্রকৌশলীর দণ্ডে, গণপূর্তি জোন ও গণপূর্তি সার্কেল) নিকট সর্বশেষ ১০/০৮/২০১৮ তারিখের মধ্যে প্রেরণ করবেন। সংশ্লিষ্ট বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক ৩০/০৯/২০১৮ তারিখের মধ্যে জরিমানা ব্যৱীত ২০০০/- টাকা ও ১৫% মূল্য সংযোজনসহ মোট = ২,৩০০/- টাকা জমা দিতে হবে। এতে ব্যর্থ হলে ৩১/১২/২০১৮ তারিখের মধ্যে ৫০% জরিমানাসহ জমা দিতে হবে। তাতেও ব্যর্থ হলে ৭৫% জরিমানাসহ আগামী ৩০/০৬/২০১৯ তারিখের মধ্যে জমা দিতে হবে।

এছাড়া গণপূর্তি অধিদপ্তরের অধীন প্রথম শ্রেণি (সিভিল ও স্যানিটারী), ২য় শ্রেণি (সিভিল ও স্যানিটারী) ও ৩য় শ্রেণি (সিভিল ও স্যানিটারী) ঠিকাদারি প্রতিষ্ঠানের নবায়ন ফি ২০০০/- টাকা এবং ১৫% মূল্য সংযোজন করসহ সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর অফিসে ৩০/০৯/২০১৮ তারিখের মধ্যে ৩১/১২/২০১৮ তারিখের মধ্যে জরিমানা ব্যৱীত ২০০০/- টাকা ও ১৫% মূল্য সংযোজনসহ মোট = ২,৩০০/- টাকা জমা দিতে হবে। এতে ব্যর্থ হলে ৩১/১২/২০১৮ তারিখের মধ্যে ৫০% জরিমানাসহ জমা দিতে হবে। তাতেও ব্যর্থ হলে ৭৫% জরিমানাসহ আগামী ৩০/০৬/২০১৯ তারিখের মধ্যে জমা দিয়া যাবে।

একাধিক বৎসরের নবায়ন আবেদন ফরম সংশ্লিষ্ট ঠিকাদারি প্রতিষ্ঠান কর্তৃক পূরণ করে নির্বাহী প্রকৌশলীর দণ্ডের জমা প্রদান করবেন। সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী সুপারিশ করে যেমন- বিশেষ শ্রেণি, প্রথম শ্রেণি (সম্মিলিত), প্রথম শ্রেণি (সিভিল, স্যানিটারী ও ই/এম) প্রধান প্রকৌশলীর দণ্ডে, ২য় শ্রেণি (সিভিল, স্যানিটারী ও ই/এম) অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দণ্ডের ও ৩য় শ্রেণি (সিভিল, স্যানিটারী ও ই/এম) তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দণ্ডের প্রেরণ করবেন। প্রধান প্রকৌশলীর দণ্ডে, সংশ্লিষ্ট গণপূর্তি জোন ও সংশ্লিষ্ট গণপূর্তি সার্কেল কর্তৃক বোর্ড সভার মাধ্যমে সুপারিশকৃত আবেদন ফরমগুলো পরীক্ষা-নিরীক্ষা করে বিধি মোতাবেক নবায়ন ফি জমা দেয়ার আদেশ প্রদান করা হবে।

(ড. মোঃ মঈনুল ইসলাম পিইজ)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)

গণপূর্তি অধিদপ্তর, ঢাকা।

ফোন নং: ৯৮৫৬০৯৯৯, ফ্যাক্স নং: ৮৮-০২-৯৫৫৫৫৫৫৫

তারিখ: ০১/১২/২০১৮ ১৪২৫ বঙ্গাব্দ

২৬০৫ ২০১৮

তারিখ: ০১/১২/২০১৮ ১৪২৫ বঙ্গাব্দ

স্মারক নং: ২৫.৩৬.০০০০.২১৩.০৭.৩৮৮/১৮-১৯/ ২৬৬/২০০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী,-
  - ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্তি সার্কেল,-
  - ৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্তি বিভাগ,-
- তাকে এই মর্মে অনুরোধ করা যাচ্ছে যে, সকল শ্রেণির ঠিকাদার/ঠিকাদারি প্রতিষ্ঠানের নবায়ন ফরম জমা দেয়ার লক্ষ্যে তার দণ্ডের নোটিশ বোর্ডে অত্র বিজ্ঞপ্তি টাংগিয়ে রাখাৰ ব্যবস্থা গ্রহণ করবেন।
- নির্বাহী প্রকৌশলী, এম, আই, এস, সেল গণপূর্তি অধিদপ্তর, পূর্তি ভবন, ঢাকা। বিজ্ঞপ্তি গণপূর্তি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ৫। তত্ত্বাবধায়ক, ----- শাখা, প্রধান প্রকৌশলীর দণ্ডে, পূর্তি ভবন, ঢাকা।
  - ৬। গার্ড ফাইল/নোটিশ বোর্ড।

(ড. মোঃ মঈনুল ইসলাম পিইজ)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)

গণপূর্তি অধিদপ্তর, ঢাকা।

ফোন নং: ৯৮৫৬০৯৯৯, ফ্যাক্স নং: ৮৮-০২-৯৫৫৫৫৫৫৫

তারিখ: ০১/১২/২০১৮ ১৪২৫ বঙ্গাব্দ

২৬০৫ ২০১৮

স্মারক নং-৩/২৫.৩৬.০০০০.২১৩.০৭.৩৮৮/১৮-১৯/ ২৬৬/৩৩৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ১। সভাপতি ও সাধারণ সম্পাদক, বাংলাদেশ গণপূর্তি ঠিকাদার সমিতি, ২৯/১. বিগতলা, ঢাকা।
- ২। সভাপতি ও সাধারণ সম্পাদক, বাংলাদেশ গণপূর্তি ইলেকট্রিক ঠিকাদার সমিতি, ১৯ বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা।
- ৩। সভাপতি ও সাধারণ সম্পাদক, বাংলাদেশ গণপূর্তি ঠিকাদার কল্যাণ সমিতি, গণপূর্তি এনেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

B. P. M.

২০/১/২০১৮

(আইনুন নাহার এ্যানি)

নির্বাহী প্রকৌশলী (ওএনএম)

গণপূর্তি অধিদপ্তর, ঢাকা।

ফোন নং: ৯৮৫৬০৯৯৯, ফ্যাক্স নং: ৮৮-০২-৯৫৫৫৫৫৫৫

তারিখ: ০১/১২/২০১৮ ১৪২৫ বঙ্গাব্দ

২৬০৫ ২০১৮